



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭

২০ মার্চ ২০২৫

তারিখ: -----

০৬ চৈত্র ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

তফসিলি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের মার্চ/২০২৫ মাসের বেতন/ভাতাদি প্রদান প্রসঙ্গে

সরকারি পঞ্জিকা-২০২৫ অনুযায়ী ৩১ মার্চ ২০২৫ তারিখে (চাঁদ দেখা সাপেক্ষে) পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপিত হবে বিধায় সরকার কর্তৃক সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী (গেজেটেড-নন-গেজেটেড), সামরিক বাহিনীর কমিশন্ড/নন-কমিশন্ড অফিসারগণের মার্চ/২০২৫ মাসের বেতন ভাতাদি এবং অবসরপ্রাপ্ত পেনশনারগণের মার্চ/২০২৫ মাসের অবসর ভাতা ২৩ মার্চ ২০২৫ তারিখে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে (কপি সংযুক্ত)।

২। এফগে, ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের মার্চ/২০২৫ মাসের বেতন ভাতাদি এবং অবসরপ্রাপ্ত পেনশনারগণের মার্চ/২০২৫ মাসের অবসর ভাতা ২৩ মার্চ ২০২৫ তারিখে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
ট্রেজারি ব্যবস্থাপনা শাখা।

নং-০৭.০০.০০০০.১৪২.০২.০০১.২১-১৪

তারিখ: ৯ মার্চ ২০২৫ খ্রি:

প্রাপকঃ (১) হিসাব মহানিয়ন্ত্রক, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।


(২) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স,
১ম ১২তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা।

(৩) অতিরিক্ত মহা-পরিচালক (অর্থ)
বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।

বিষয়: পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী (গেজেটেড-নন-গেজেটেড), সামরিক বাহিনীর কমিশন্ড/নন-কমিশন্ড অফিসারগণের মার্চ/২০২৫ মাসের বেতন ভাতাদি এবং অবসরপ্রাপ্ত পেনশনারগণের মার্চ/২০২৫ মাসের অবসর ভাতা ২৩ মার্চ/২০২৫ তারিখে প্রদান।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সরকারি বর্ষপঞ্জি-২০২৫ অনুযায়ী ৩১ মার্চ তারিখে (চাঁদ দেখা সাপেক্ষে) পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপিত হবে বিধায় সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী (গেজেটেড-নন-গেজেটেড), সামরিক বাহিনীর কমিশন্ড/নন-কমিশন্ড অফিসারগণের মার্চ/২০২৫ মাসের বেতন ভাতাদি এবং অবসরপ্রাপ্ত পেনশনারগণের মার্চ/২০২৫ মাসের অবসর ভাতা ২৩ মার্চ/২০২৫ তারিখে প্রদান করা হবে।

২। বাংলাদেশ ট্রেজারি রুলস এর অধীনে প্রণীত সাবসিডিয়ারী রুলস (এস.আর) ১১৩(২) প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।



(মোঃ আব্দুল গফুর)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-৫৫১০০৫০৪

নং-০৭.০০.০০০০.১৪২.০২.০০১.২১-১৪

তারিখ: ৯ মার্চ ২০২৫ খ্রি:

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
- ০৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (তঁর অধীন সকল সংস্থাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৫। সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
- ০৬। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
- ০৭। সিনিয়র সচিব/ সচিব, সকল মন্ত্রণালয়/বিভাগ (সরকারি সিদ্ধান্ত তাঁদের অধীন সকল অধিদপ্তর/পরিদপ্তর ও সংস্থাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৮। সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, তেজগাঁও, পুরাতন বিমান বন্দর, ঢাকা।
- ০৯। প্রিন্সিপাল ইনফরমেশন অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা। (জনস্বার্থে উক্ত সিদ্ধান্ত সংবাদপত্র, বেতার ও টেলিভিশনের মাধ্যমে প্রচার করার জন্য অনুরোধ করা হলো)।
- ১০। জাতীয় কর্মসূচী পরিচালক (অতিরিক্ত সচিব), SPFMS Program (এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আইবাস++ সিস্টেমে বিল দাখিলের সুবিধার্থে ১৫ মার্চ ২০২৫ খ্রি: তারিখে Month Open করার জন্য অনুরোধ করা হলো)।
- ১১। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১২। বিভাগীয় কমিশনার (সকল)।
- ১৩। জেলা প্রশাসক (সকল)।


(মোঃ আব্দুল গফুর)
সিনিয়র সহকারী সচিব